# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**ইসলাম শিক্ষা প্রথম পত্র** বিষয় কোড: | ২ | ৪ | ৯ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** মান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ আদর্শ ও নৈতিক গুণাবলি সম্পন্ন নাগরিক তৈরির লক্ষ্যে গঠিত 'শিক্ষা কমিশন' অনেক গবেষণা করে সরকারের কাছে কিছু প্রস্তাবনা পেশ করে। তম্মধ্যে উল্লেখযোগ্য দুটি প্রস্তাবনা হলো- শিক্ষার প্রতিটি স্তরে ইসলাম ও নৈতিক শিক্ষার অন্তর্ভুক্তি এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে ইসলামী সংস্কৃতির চর্চা।

ক. ইকরা অর্থ কী? ১

খ. নিরক্ষরতা দূরীকরণে মক্তবের ভূমিকা আলোচনা কর। ২

গ. উদ্দেশ্য বাস্তবায়নে প্রথমোক্ত প্রস্তাবনার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৩

ঘ. আদর্শ নাগরিক তৈরিতে শেষোক্ত প্রস্তাবনার ব্যবহারিক দিকসমূহ আলোচনা কর। ৪

**২.** ▶ আনাস ও ফাহিম দুই ভাই। বড় ভাই আনাস এ বছর এইচএসসি পাস করে গণিত বিষয়ে অনার্সে ভর্তি হয়। ছোট ভাই ফাহিম একাদশ শ্রেণিতে অধ্যয়নকালে 'আল কানুন ফিত তীব' নামক একটি গ্রন্থের কিছু তথ্য সম্পর্কে অবহিত হয়। এতে সে উদ্বুদ্ধ হয়ে সিদ্ধান্ত নেয় যে, উক্ত গ্রন্থ সংশ্লিষ্ট কোর্সে ভর্তি হয়ে উচ্চ শিক্ষা অর্জন করবে।

ক. রসায়ন শাস্ত্রের জনক বলা হয় কাকে? ১

খ. দর্শনশাস্ত্রে ইমাম গাযালির অবদান মূল্যায়ন কর। ২

গ. কোন কোর্সে ভর্তি হলে ফাহিম তার প্রত্যাশিত উচ্চ শিক্ষা অর্জন করতে পারবে? ৩

ঘ. কোন মনীষীদের রচিত গ্রন্থ আনাসের উচ্চ শিক্ষায় সহায়ক ভূমিকা রাখবে? ৪

**৩.** ▶ শিমুল সাহেব বাড়ির ভিত্তি প্রস্তর স্থাপনের সময় সিমেন্ট, বালি ইত্যাদির প্রথম মিশ্রণের সাথে তাবিজ ভর্তি একটি প্যাকেট রেখে বললেন, এটা প্রাকৃতিক দুর্যোগ থেকে বাড়িটি রক্ষা করবে। তার এ মনোভাবে বিস্মিত সাইফুল সাহেব বললেন, প্রাকৃতিক দুর্যোগ নয়, বরং জীবনের প্রতিটি ক্ষেত্রে আল্লাহকেই ভয় করা উচিত।

ক. সিদ্দিক অর্থ কী? ১

খ. যিকরের স্তরসমূহ লিখ। ২

গ. শিমুল সাহেবের মনোভাব ইসলামের কোন বিসয়ের পরিপন্থী? ব্যাখ্যা কর। ৩

ঘ. মানবজীবনে সাইফুল সাহেবের পরামর্শের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৪

৪.▶ পদুয়া হাই স্কুলের ক্যান্টিনে শিক্ষা উপকরণের পাশাপাশি বিভিন্ন নাস্তা পাওয়া যায়। প্রতিটি পণ্যের সাথে মূল্য লেখা আছে। তবে কোন সেল্সম্যান নেই। টিফিন পিরিয়ডে শিক্ষার্থীরা নিজেদের প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে মূল্য হিসাব করে নির্দিষ্ট বক্সে টাকা রেখে যায়।

ক. ইহসান কী? ১

খ. তাকওয়ার সোপন কয়টি ও কী কী? ২

গ. শিক্ষার্থীদের আচরণে কোন গুণের প্রকাশ পেয়েছে? বুঝিয়ে লিখ। ৩

ঘ. আদর্শ সমাজ গঠনে শিক্ষার্থীদের উক্ত আচরণের গুরুত্ব বর্ণনা কর। ৪

৫.▶ পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত ফাহাদ সাহেব সন্তানদেরকেও তার অনুগামী করে গড়ে তোলে। সন্তানগণ স্ব স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠিত হয়ে পরিবার নিয়ে আলাদাভাবে বসবাস করে। অবসর গ্রহণের কিছুদিন পর স্ত্রী মারা গেলে ফাহাদ সাহেব নিঃসঙ্গ হয়ে পড়ে। অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলেও সন্তানগণ তার কোন খোঁজ খবর নেয়নি। এমনকি তার মৃত্যুর সংবাদ সন্তানদেরকে জানালে তারা ব্যস্ততার কথা বলে বাবার লাশ 'আনজুমানে মুফিদুল ইসলাম'কে দিয়ে দিতে বলে।

ক. হাদিসে মায়ের সেবার কথা কয়বার বলা হয়েছে? ১

খ. ইসলামী পরিবার বলতে কী বোঝায়? ২

গ. সন্তানদের আচরণে ইসলামের কোন বিধানের ব্যত্যয় ঘটেছে? ৩

ঘ. নৈতিক শিক্ষার অভাব সন্তানদের এ ধরনের আচরণের জন্য দায়ী- ব্যাখ্যা কর। ৪

৬.▶ তাজুল সাহেব একটি দোকানের মালিক। এক ক্রেতা এসে উৎকৃষ্ট মানের ৫ কেজি চাল দিতে বলেন। তাজুল সাহেব ক্রেতাকে ৪ কেজি ৯০০ গ্রাম চাল দেন। যাতে ছোট ছোট কিছু পাথরের মিশ্রণও ছিল। দোকান মালিক সমিতির সভাপতি বিষয়টি অবহিত হলে তাজুল সাহেবকে ডেকে এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকতে বলেন এবং এর পরিণাম সম্পর্কে অবহিত করে সতর্ক করেন।

Teachingbd24.com

ক. কোন অপরাধকে হত্যার চেয়ে মারাত্মক বলা হয়েছে? ১
খ. সৎ সঙ্গে স্বর্গবাস, অসৎ সঙ্গে সর্বনাশ- ব্যাখ্যা কর। ২
গ. তাজুল সাহেবের প্রতি মালিক সমিতির সভাপতির পরামর্শ কোন পর্যায়ের কাজ? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পন্থায় উপার্জন ইবাদত কবুলের পথে অন্তরায়- ব্যাখ্যা কর। ৪

৭.▶ রাজিব এলাকার বখাটে যুবক। আসা যাওয়ার পথে প্রায় সময় এক স্কুলছাত্রীকে সে উত্ত্যক্ত করত। তার কুপ্রস্তাবে সাড়া না দেওয়ায় একদিন উক্ত ছাত্রীকে হত্যার উদ্দেশ্যে এসিড নিক্ষেপ করে। বিষয়টি আদালতে উত্থাপিত হলে বিচারক যথাযথ তদন্তপূর্বক রাজিবকে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করেন।
ক. কোন অপরাদকে সকল পাপের মূল বলা হয়? ১
খ. জুয়ার কুফলসমূহ লিখ। ২
গ. রাজিবের মতো লোকদের কর্মকাণ্ড বন্ধে ইসলামের নির্দেশনা কী? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিচারকের বিচারকার্য সমাজ কীরূপ প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

৮.▶

| | ছক : ১ |
|---|---|
| i | সম্পদের সুষম বণ্টন |
| ii | সম্পদের মালিকানা আল্লাহর |
| iii | মালিক-শ্রমিক পরস্পর সহযোগী |

| | ছক : ২ |
|---|---|
| i | সুদভিত্তিক অর্থব্যবস্থা |
| ii | সম্পদে ব্যক্তির অবাধ মালিকানা |
| iii | মালিক-শ্রমিক পরস্পর মনিব-ভৃত্য সম্পর্ক |

ক. বাইতুল মাল কী? ১
খ. কোন কোন খাতে যাকাতের অর্থ ব্যয় করা যায়? ২
গ. ছক : ২-এ কোন ধরনের অর্থব্যবস্থা ফুটে উঠেছে। ৩
ঘ. অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় ছক : ১-এ উল্লিখিত অর্থব্যবস্থার ভূমিকা আলোচনা কর। ৪

৯.▶ জামাল সাহেব একজন ধর্মপরায়ন ব্যক্তি। প্রচলিত ধারার অনেক ব্যাংক থাকলেও ইসলামী শরীয়াহ মোতাবেক পরিচালিত সুদমুক্ত একটি ব্যাংকে তিনি সঞ্চয়ী হিসাব খোলেন। বছর শেষে সঞ্চিত সম্পদহিসাব করে দেখেন, তিনি নিসাব পরিমাণ সম্পদের মালিক। অতএব তিনি সম্পদের হক আদায়ের লক্ষ্যে শরিয়ত অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন।

https://teachingbd24.com

ক. নিসাবের পরিমাণ কত? ১
খ. উশর ও খারাজের মধ্যে পার্থক্য কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকে জামাল সাহেবের সঞ্চয়ী হিসাব খোলার যৌক্তিকতা বর্ণনা কর। ৩
ঘ. সম্পদের হক আদায়ের লক্ষ্যে জামাল সাহেবের গৃহীত পদক্ষেপ দারিদ্র্য বিমোচনে সহায়ক- ব্যাখ্যা কর। ৪

১০.▶ ইসলাম প্রচারে বাধাপ্রাপ্ত হলে সুফি আজম শাহ তাঁর কিছু অনুসারীসহ নিজ এলাকা ত্যাগ করে পার্শ্ববর্তী দেশে গমন করেন। তিনি লক্ষ্য করলেন, অনুকূল পরিবেশের জন্য উক্ত এলাকায় বসবাসরত বিভিন্ন জাতি, শ্রেণি লোকজন এবং তাঁর অনুসারীদের মাঝে সুসম্পর্ক বজায় রাখা জরুরি। এ লক্ষ্যে তিনি একটি সনদ প্রণয়ন করেন। উক্ত সনদের আলোকে জননিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি একটি আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠা করেন।

ক. রাষ্ট্রের উপাদান কয়টি? ১
খ. ইসলামী রাষ্ট্রে নাগরিকের দায়িত্বসমূহ লিখ। ২
গ. উল্লিখিত সনদের সাথে সাদৃশ্যপূর্ণ পাঠ্য বইয়ে উল্লিখিত সনদ কীভাবে জনগণের নিরাপত্তা নিশ্চিত করে? ৩
ঘ. আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠায় উল্লিখিত সনদ মাইলফলক- উদ্দীপক ও পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১.▶ 'ক' রাষ্ট্রে বিভিন্ন ধর্মাবলম্বী ও জনগোষ্ঠীর বসবাস। সরকার তাদের ভিন্ন মতাবলম্বী একটি জনগোষ্ঠীর উপর অত্যাচার, নির্যাতন চালাতে থাকে। অত্যাচারে অতিষ্ঠ হয়ে এক পর্যায়ে তারা পার্শ্ববর্তী 'খ' রাষ্ট্রে আশ্রয় নেয়। 'খ' রাষ্ট্রের সরকার ও জনগণ আশ্রিত জনগণকে খাদ্য, পানীয় ও চিকিৎসা দিয়ে সর্বাত্মক সহযোগিতা প্রদান করেন।

ক. উখওয়াত কী? ১
খ. ইসলামী দাওয়াহর কতিপয় কৌশল আলোচনা কর। ২
গ. 'খ' রাষ্ট্রের সরকার ও জনগণের কর্মকাণ্ড কোন ধরনের কাজ হিসেবে গণ্য হবে? ৩
ঘ. 'ক' রাষ্ট্রে শান্তি স্থাপনে মুসলিম উম্মাহর করণীয়সমূহ আলোচনা কর। ৪

https://teachingbd24.com

ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড | ২ | ৪ | ৯ |

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ★ **দারুল আরকাম কী?**
ক একটি মসজিদ  খ একটি অচেনা স্থান
গ একটি শিক্ষায়তন  ঘ একিট অডিটরিয়াম

২. **'কানুন ফিতিতিব' গ্রন্থটির রচয়িতা কে?**
ক আবু বকর আল-রাযি
খ ইবনে সিনা
গ হাসান ইবনে হাইসাম
ঘ আল ফারাবী

৩. ★ **তাকওয়া শব্দের অর্থ কী?**
ক আমল করা  খ ভয় করা
গ আনুগত্য করা  ঘ সিজদা করা

৪. **হিজরতের রাতে মক্কা ত্যাগ কালে মহানবি (স) বলেন, 'আমার আপন লোকেরা ষড়যন্ত্র না করলে আমি তোমাকে ছেড়ে যেতাম না'- এ উক্তি দ্বারা কী প্রকাশ পেয়েছে?**
ক ভাষা প্রেম  খ স্বদেশ প্রেম
গ স্বজাতি প্রেম  ঘ স্বগোত্রীয় প্রেম

৫. **যারা সীমান্ত পাহারা দেয় ইসলামে তাদের বেশি গুরুত্ব দেওয়ার কারণ হলো—**
i. জানমালের নিরাপত্তা বিধান করে
ii. বিনিদ্র রাত্রিযাপন করে
iii. দেশপ্রেমী হিসেবে কর্তব্য পালন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ i ও ii
গ i ও iii  ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

ফয়েজ সাহেব একজন চাকরিজীবী। তার অফিসের সহকর্মীরা কর্তব্যে অবহেলা করে এবং অবৈধ উপায়ে অনেক সম্পদের মালিক হয়েছেন। কিন্তু তিনি অবৈধ পথে না গিয়ে বাড়তি উপার্জনের জন্য রাত জেগে বই লেখেন।

৬. **ফয়েজ সাহেবের হালাল উপার্জনের জন্য এরূপ প্রচেষ্টা—**
ক নফল  খ সুন্নত
গ ওয়াজিব  ঘ ফরজ

৭. **ফয়েজ সাহেবের সহকর্মীরা কর্তব্যে অবহেলা ও অবৈধ উপার্জন করে—**
i. লাভবান হচ্ছেন
ii. পাপাচারী হচ্ছেন
iii. হারামে জড়িয়ে পড়ছেন
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ i ও ii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৮. ★ **মানব-মানবীর সামগ্রিক জীবনের প্রথম ভিত্তি প্রস্তর কোনটি?**
ক সমাজ  খ পরিবার
গ রাষ্ট্র  ঘ পরকাল

৯. **পিতামাতার বড় সন্তান হওয়ায় ফতেহ আলী তাদের কথা মান্য করে না। বরং তাদের কষ্ট দেয়। ফতেহ আলীর এ জাতীয় কাজ—**
ক হালাল  খ হারাম
গ মাকরূহ  ঘ বিদআত

১০. ★ **ইসলামি পরিবারের সুফল হলো—**
i. সুখ-শান্তি আনয়ন করে
ii. সদস্যদের প্রতি সহানুভূতিশীল হয়
iii. পরস্পরের প্রতি দায়িত্ব সচেতন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১১. **আত্মীয় স্বজন কয় শ্রেণির মানুষ?**
ক ২ শ্রেণির  খ ৩ শ্রেণির
গ ৪ শ্রেণির  ঘ ৫ শ্রেণির

১২. ★ **শান্তি প্রতিষ্ঠার মূল ভিত্তি কী?**
ক জিহাদ  খ আমানত
গ আহাদ  ঘ আদল

১৩. **ন্যায়ের পক্ষে কথা বলে প্রয়োজনে জীবন দিতে ও প্রস্তুত মিজান সাহেব। কারণ এটি—**
i. পরকালে মুক্তির উপায়
ii. নিজের সুনাম বৃদ্ধির উপায়
iii. সমাজে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠার মাধ্যম
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ i ও ii
গ ii ও iii  ঘ i ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**

মুস্তাফিজ সাহেব তার অফিস শেষে বাড়ি ফিরছিলেন। সে সময় তিনি দেখলেন দুপক্ষের লোক রাস্তায় মারামারি করছে। মুস্তাফিজ সাহেব তাদের উভয়ের মাঝে মিমাংসা করে তাদেরকে এরূপ কাজ আর না করার জন্য বললেন। ★

১৪. **মুস্তাফিজ সাহেবের মাঝে কোন বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়েছে?**
ক ইজতিহাদের
খ হালাল প্রতিষ্ঠিত করা
গ অসৎকাজে নিষেধ
ঘ হারাম বর্জন

Teachingbd24.com
https://teachingbd24.com

১৫. মুস্তাফিজ সাহেব কোন দায়িত্বটি পালন করেছেন?
ক) ইমানি  খ) কঠোর
গ) স্বার্থবাদী  ঘ) নেতিবাচক

১৬. সম্পদের প্রকৃত মালিক কে?
ক) ব্যক্তি নিজে  খ) ব্যক্তির পিতা
গ) রাষ্ট্র  ঘ) আল্লাহ

১৭. ইসলামি অর্থ ব্যবস্থার মূল বৈশিষ্ট্য হলো—
i. ব্যক্তি মালিকানা স্বীকৃত
ii. শরিয়াহ ভিত্তিক কার্যাবলি
iii. শোষণহীন উৎপাদন ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৮. ইসলামি রাজনৈতিক ব্যবস্থার মূল উৎস কয়টি?
ক) ২টি  খ) ৩টি
গ) ৪টি  ঘ) ৫টি

১৯. ★ মদিনা সনদে কী প্রমাণিত হয়?
ক) রাসুলের (স) রাজনৈতিক প্রজ্ঞা
খ) রাসুলের (স) সামরিক দক্ষতা
গ) রাসুলর (স) মাহাত্ম
ঘ) রিসালাতের বহি প্রকাশ

২০. ★ আল্লাহর পরিজন কারা?
ক) মানুষ  খ) ফেরেশতা
গ) সমগ্রসৃষ্টি  ঘ) নবিগণ

২১. বৃক্ষরোপন সপ্তাহে আমিন সাহেব রাস্তার পাশে ফল ও ঔষধি গাছ রোপণ করেন। আমিন সাহেবের কাজটি—
i. সমাজ সেবামূলক
ii. পরিবেশ বান্ধব
iii. নেকির কাজ
নিচের কোনটি সঠিক?
ক) i  খ) ii
গ) iii  ঘ) i, ii ও iii

২২. সত্যবাদিতা মানুষকে কোন পথে পরিচালিত করে?
ক) আলোর পথে  খ) ভালো কাজের পথে
গ) পুণ্যের পথে  ঘ) জ্ঞানার্জনের পথে

২৩. রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় কোন শাসকের আমলে হাদিস সংকলনের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়?
ক) খলিফা আল-মনসুর
খ) খলিফা হারুনুর রশিদ
গ) খলিফা উমর ইবনে আব্দুল আজিজ
ঘ) খলিফা আল মামুন

২৪. ★ ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বখতিয়ার খলজি কত খ্রিস্টাব্দে বঙ্গ বিজয় করেন?
ক) ১২০৪ সালে  খ) ১৪০৬ সালে
গ) ১৩০২ সালে  ঘ) ১২০২ সালে

২৫. মহানবির (স) নিকট প্রথম ওহি নাজিল হয়—
ক) গারে ছাওর  খ) জাবালে রহমত
গ) বাবে রহমত  ঘ) গারে হেরা

২৬. ইসলামি সংস্কৃতিতে মানুষের পোশাক পরিচ্ছদ হবে—
i. শালীন
ii. শোভন
iii. মার্জিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৭. ★ রিবা শব্দের অর্থ কী?
ক) প্রতারণা  খ) ঘুষ
গ) জুলুম  ঘ) সুদ

২৮. রসায়ন শাস্ত্রের জনক কে?
ক) আল-রাযি
খ) ইবনে সিনা
গ) জাবির ইবনে হাইয়ান
ঘ) হাসান ইবনে হাইসাম

২৯. হাদিসে সবরকে ইমানের অর্ধাংশ বলা হয়েছে কেন?
ক) সবর একটি মহৎগুণ
খ) ইবাদতে সবরের প্রয়োজন
গ) সবর না থাকলে ইমান টিকিয়ে রাখা যাবে না
ঘ) আল্লাহ সবরকারী বান্দাকে ভালোবাসেন

৩০. ★ আমর বিল মারুফ বলতে বোঝায়—
ক) আল্লাহর পথে জিহাদ
খ) আল্লাহর দিকে আহ্বান
গ) সৎকাজের আদেশ
ঘ) অসৎকাজের নিষেধ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |

https://teachingbd24.com